



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ কমিশনারের কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১৬/০৯/২০২১খ্রিঃ

## প্রেস রিলিজ

### রংপুর মেট্রোপলিটন পুলিশের ৩য় বর্ষপূর্তি উদযাপন

১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রংপুর মেট্রোপলিটন পুলিশের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। আজ ১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখ আরপিএমপি'র ৩য় বর্ষপূর্তি উপলক্ষে করোনা পরিস্থিতি বিবেচনায় এনে সীমিত পরিসরে রংপুর মেট্রোপলিটন পুলিশের সম্মানিত কমিশনার জনাব মোহাঃ আবদুল আলীম মাহমুদ বিপিএম এর নেতৃত্বে জাঁকজমকপূর্ণভাবে উদযাপন করা হয়। আজ দুপুর ১২.০০ ঘটিকায় এ উপলক্ষে প্রকাশিত স্মরণিকা “প্রগতি” এর মোড়ক উন্মোচন করা হয়।

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, করোনাকালে পুলিশের ভূমিকা এবং রংপুরের ইতিহাস ঐতিহ্যকে অগ্রাধিকার দিয়ে এই স্মরণিকা প্রকাশিত হয়।

৩য় বর্ষপূর্তি উপলক্ষে এর পরপরই রংপুর মেট্রোপলিটন পুলিশ কর্তৃক কেক কাটা হয়। এ সময় উপস্থিত ছিলেন রংপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ মোস্তাফিজার রহমান মোস্তাফা, রংপুর রেঞ্জের ডিআইজি জনাব দেবদাস ভট্টাচার্য বিপিএম, রংপুর বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জনাব মোঃ জাকির হোসেন, রংপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ জনাব মোঃ শাহেনূর, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা, রংপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ.কে.এম নুরুল্লাহী, রংপুরের জেলা প্রশাসক জনাব মোঃ আসিব আহসান, রংপুর জেলা পুলিশ সুপার জনাব বিপুব কুমার সরকার বিপিএম (বার), পিপিএম, বাংলাদেশ আওয়ামীলীগের রংপুর জেলা শাখার সভাপতি জনাব মোঃ মমতাজ উদ্দিন আহমেদ এবং সাধারণ সম্পাদক জনাব এ্যাড. মোঃ রেজাউল করিম রাজু, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ রংপুর জেলা কমান্ডের কমান্ডার ও সভাপতি, কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটি বীর মুক্তিযোদ্ধা জনাব মোছাদ্দেক হোসেন বাবলু, কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটি এর সাধারণ সম্পাদক মোঃ জাকারিয়া পিন্টু, পুনাক সভানেত্রী জনাব জেসমিন মাহমুদ, রংপুর প্রেসক্লাবের সভাপতি জনাব মাহবুবুর রহমান, রংপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জনাব রফিকুল ইসলাম সরকারসহ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা, সংবাদকর্মী ও রংপুর মহানগরের সম্মানিত নাগরিক সমাজের প্রতিনিধিবৃন্দ।

এরপরে রংপুর মেট্রোপলিটন পুলিশ আর্কাইভ সকলের জন্য উন্মুক্ত করা হয় এবং সম্মানিত অতিথিবৃন্দ আর্কাইভ পরিদর্শন করেন। রংপুর মেট্রোপলিটন পুলিশের প্রতিষ্ঠাকালীন সকল ডকুমেন্ট, ইতিহাস, স্মারক, প্রকাশিত ছবিসহ অন্যান্য প্রকাশনা, সংরক্ষণযোগ্য নথিপত্র, কালানুক্রমিক ঘটনাপঞ্জি প্রভৃতি সুসজ্জিতভাবে উপস্থাপন করে নগরীর নবাবগঞ্জ পুলিশ ফাঁড়ির ৪র্থ তলায় প্রতিষ্ঠা করা হয় রংপুর মেট্রোপলিটন পুলিশ আর্কাইভ। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি অম্লন রাখতে আর্কাইভে প্রতিষ্ঠা করা হয়েছে ‘বঙ্গবন্ধু কর্ণার’।

আরপিএমপি'র সকল থানা ও পুলিশ লাইন্সে সকালে একযোগে কেক কাটা ও দুপুরে প্রীতিভোজের আয়োজন করা হয়। শহরের বিভিন্ন মোড় রঙিন ফেস্টুন দিয়ে সুসজ্জিত এবং আলোকসজ্জায় সজ্জিত করা হয়েছে।

৩য় বর্ষপূর্তির দিনে সামাজিক দায়বদ্ধতা থেকে রংপুর মেট্রোপলিটন পুলিশের নিজস্ব উদ্যোগে ও অর্থায়নে চালু করা হয় ‘সশ্রয়ী মূল্যে এম্বুলেন্স সার্ভিস’।

উক্ত সার্ভিস উদ্বোধনের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় পুলিশ কমিশনার জনাব মোহাঃ আবদুল আলীম মাহমুদ বিপিএম। সড়ক দুর্ঘটনায় আহত রোগীদের দ্রুত হাসপাতালে নেয়া এবং দ্রুত চিকিৎসা নিশ্চিত করার জন্যই এই উদ্যোগ। এই এম্বুলেন্সটি কেবলমাত্র রংপুর মেট্রোপলিটন এলাকার মধ্যে রোগী বহনের কাজ ব্যবহৃত হবে।

১৬/০৯/২০২১

(মোঃ ছালেহ আহাম্মদ পাঠান)

বিপি- ৭৮০৪১০১৬২৩

পুলিশ পরিদর্শক (নিরস্ত্র)

পক্ষে/- উপ-পুলিশ কমিশনার

গোয়েন্দা বিভাগ (ডিবি)

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর।